# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৫.২৩ তারিখ: ০৭ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ / ২০ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন বেসরকারি প্রতিষ্ঠানসমূহের পরিচালিত ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল, ডিপ্লোমা-ইন-কৃষি, ডিপ্লোমা-ইন-ফিসারিজ এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ০২ বছর মেয়াদি এইচএসসি (বিএমটি), ডিপ্লোমা ইন কমার্স, এইচএসসি (ভোকেশনাল) ও সার্টিফিকেট মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির সময় ২২ এপ্রিল, ২০২৫খ্রি. হইতে ২৭ এপ্রিল, ২০২৫খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হ'ল। এছাড়া এইচএসসি(বিএমটি), ডিপ্লোমা ইন কমার্স ও এইচএসসি(ভোকেশনাল) শিক্ষাক্রমের যে সকল শিক্ষার্থীর চতুর্থ বিষয় সংযোজন করা হয় নি, তাদের চতুর্থ বিষয় এ সময়ের মধ্যে সংযোজন করা যাবে। উল্লেখ্য কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ইতোমধ্যে কোন শিক্ষাক্রমে ভর্তির পর প্রতিষ্ঠানে রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে সে শিক্ষার্থী নতুনভাবে অন্য কোন প্রতিষ্ঠানে বা একই প্রতিষ্ঠানে অন্য কোন স্পেশালাইজেশন/ ট্রেড/টেকনোলজিতে ভর্তির আবেদনের সুযোগ পাবে না ।

**শুধুমাত্র যেসকল শিক্ষার্থী প্রতিষ্ঠানের confirmed student list এ অন্তর্ভুক্ত থাকবে তারাই শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে এবং Duplicate ভর্তি না থাকলে তাঁদের Registration সম্পন্ন হবে। এ সময়ের মধ্যে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে** www.btebadmission.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে **প্রতিষ্ঠান লগইন -এ ক্লিক করে প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে** প্রতিষ্ঠানের ইন্টারফেসে প্রবেশ করে **confirmed list** ডাউনলোড করে তালিকা যাচাই করতে হবে । কোন শিক্ষার্থী বাদ পড়লে এ সময়ের মধ্যে ভর্তি সম্পূর্ণ করতে হবে । এ সময়ের পরে ভর্তির আর কোনো সুযোগ থাকবে না ।

ভর্তি আবেদন ফি প্রদান পদ্ধতিসহ আবেদন ও নিশ্চায়নের নিয়মাবলি ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.btebadmission.gov.bd) পাওয়া যাবে।

20.04.25

(প্রকৌশলী মো: আনোয়ারুল কবীর)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৫.২৩ (১১) তারিখ: ২০ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
০৩. পরিচালক, আইআইসিটি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।
০৪-০৭. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইসিটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. অধ্যক্ষ, বর্ণিত শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান।
০৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি।

20.04.2025

(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)
কারিকুলাম বিশেষজ্ঞ (দা.ভোক:)
ও সমন্বয়ক
ডিপ্লোমা ও উচ্চ মাধ্যমিক পর্যায় ভর্তি কার্যক্রম
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।